

# যুগান্তর

## জাবিতে কর্মচারী নিয়োগে ছাত্রলীগের বাধা, প্রভোস্টের অফিসে তালা

👤 জাবি প্রতিনিধি

🕒 ১৫ নভেম্বর ২০২৩, ২২:৩৮:১৫ | [অনলাইন সংস্করণ](#)



কর্মচারী নিয়োগ দেওয়াকে কেন্দ্র করে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) আলবেকুনী হলের প্রভোস্ট অফিসে ছাত্রলীগের তালা দেওয়ার ঘটনা ঘটেছে। বুধবার (১৫ নভেম্বর) সকাল ৮টায় প্রভোস্ট অফিসে তালা দেয় সাধারণ শিক্ষার্থী ও ছাত্রলীগ নেতাকর্মীরা। এরপর চার দফা দাবিতে প্রভোস্টের বাসভবনের সামনে অবস্থান নেয় তারা।

হল অফিস ও রেজিস্ট্রার অফিস সূত্রে জানা যায়, আলবেকুনী হলে পেশ ইমাম, অফিস সহকারী ও নিরাপত্তাকর্মী মোট তিনটি পদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। অফিস সহকারী ও নিরাপত্তাকর্মী পদের বিপরীতে যথাক্রমে ১৯ জন ও ১৫ জন চাকরিপ্রত্যাশী আবেদন করেন।

বুধবার এ দুটি পদে সাক্ষাৎকারের দিন নির্ধারণ করা হয়। তবে সকাল সাড়ে ৮টায় হল অফিসে এসে তালা ঝুলানো দেখতে পান প্রভোস্ট অধ্যাপক সিকদার মো. জুলকারনাইন। পরে বেলা ২টায় নিয়োগ বোর্ড স্থগিত করলে তালা খুলে দেওয়া হয়।

হলের শিক্ষার্থীরা বলেন, হল প্রভোস্টকে নিয়মিত অফিসে পাওয়া যায় না। বিভিন্ন গুরুত্বপূর্ণ কাগজ স্বাক্ষর করানোর জন্য তার বাসায় যেতে হয়। হলের পুকুর বহুদিন যাবত মশার কারখানা। বার বার বলা হলেও তিনি কোনো পদক্ষেপ নেননি। হলের কাজ অর্ধেক বাকি থাকলেও কোনো পদক্ষেপ নেওয়া হয়নি। হলের সামনে রাস্তার কাজে উদাসীনতা দেখিয়েছেন।

তবে হল সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, অফিস সহকারী ও নিরাপত্তাকর্মী দুটি পদে পছন্দের প্রার্থীকে নিয়োগ দিতে আট লাখ করে মোট ১৬ লাখ টাকা নিয়েছে হল প্রশাসন। আর ২৮ নভেম্বর অনুষ্ঠেয় পেশ ইমাম পদে পছন্দের প্রার্থীকে নিয়োগ দিতে ১৭ লাখ টাকার 'ডিল' করে হল ছাত্রলীগ। তবে রাজনৈতিক পরিস্থিতি বিবেচনায় নিরাপত্তাকর্মী ও অফিস সহকারী পদে নিজেদের প্রার্থীকে নিয়োগের দাবি জানায় ছাত্রলীগ। আর পেশ ইমাম পদে প্রভোস্টের পছন্দের প্রার্থীকে নিয়োগ দেওয়ার প্রস্তাব করে। এ নিয়ে হল প্রশাসন ও ছাত্রলীগের মাঝে দ্বন্দের সৃষ্টি হয়। ছাত্রলীগের প্রস্তাব গ্রহণ না করায় শাখা ছাত্রলীগের সহ-সভাপতি এনামুল হক এনাম, নাহিদ ও যুগ্ম সম্পাদক চিন্ময় সরকারের নেতৃত্বে হল অফিসে তালা দেয় নেতাকর্মীরা।

তবে নিয়োগ বাণিজ্যের বিষয়টি অস্বীকার করে শাখা ছাত্রলীগের সহ-সভাপতি ও আলবেরুন্নী হল ছাত্রলীগ নেতা এনামুল হক এনাম বলেন, নিয়োগ এবং নিয়োগে লেনদেনের বিষয়ে আমি কিছু জানি না। আজ সকালে ঘুম থেকে ওঠার পর হলের সামনে জটলা দেখতে পাই। পরে জানতে পারি বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে সাধারণ শিক্ষার্থীরা তালা দিয়েছে। এগুলো ছাত্রদের দীর্ঘদিনের দাবি। ছাত্রলীগ সাধারণ শিক্ষার্থীদের এই দাবিগুলোর সঙ্গে একমত। তাই ছাত্রলীগ কর্মীরাও সেখানে ছিল।

এ ব্যাপারে হল প্রভোস্ট সিকদার মো. জুলকারনাইন বলেন, ছাত্ররা যে দাবিগুলো জানিয়েছে সেগুলো আগে কখনো আমাকে জানায়নি। আজ সকালেই হঠাৎ করে তারা আমার অফিসে তালা দিয়েছে। ১৯ তারিখে প্রভোস্ট কমিটির মিটিং আছে। সেখানে দাবিগুলো আলোচনা হবে। বোর্ড পোস্টপনড হওয়ার পরেই তারা তালা খুলে দিয়েছে। এখানে আমার আর কি বলার আছে? হলে অনেক আগে থেকেই মাস্টাররোলে একজন কর্মচারী পাঁচ বছর ধরে সার্ভিস দিচ্ছে। তাকে বাদ দিয়ে অন্য কাউকে তো আমি নিতে পারিনা। হলে নিয়োগের বোর্ড আছে। এখানে আমার একার কিছু করার নেই।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

